

৩৫তম বিসিএস প্রিলিমিনারি নতুন নিয়মে পরীক্ষা দিলেন আড়াই লাখ শিক্ষার্থী

■ সমকাল প্রতিবেদক

৩৫তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষা গতকাল শুক্রবার অনুষ্ঠিত হয়। বিকেল ৩টা থেকে ৫টা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর- এ সাতটি বিভাগীয় কেন্দ্রে একযোগে এ পরীক্ষায় অংশ নেওয়ার জন্য ২ লাখ ৪৪ হাজার ১০৭ পরীক্ষার্থী আবেদন করেছিলেন। এ পরীক্ষায় প্রথমবারের মতো ১০০ নম্বরের পরিবর্তে শিক্ষার্থীরা ২০০ নম্বরের উত্তর দেন।

এ পরীক্ষার অধীনে এবার বিভিন্ন ক্যাডারে ১ হাজার ৮০৩ জনকে নিয়োগ দেওয়া হবে। এর মধ্যে প্রশাসনে ৩০০, পুলিশে ৫০ জনসহ সাধারণ ক্যাডারে ৪৫৫, শিক্ষা ক্যাডারে ৮২৯, বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারে সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজে ৩৫ এবং প্রফেশনাল ও টেকনিক্যাল ক্যাডারে ৪৮৪ জনকে নিয়োগ দেওয়া হবে। প্রতি পদের বিপরীতে ১৩৫ প্রতিযোগী পরীক্ষায় অংশ নেন। এটি বিসিএসের ইতিহাসে সর্বোচ্চ প্রার্থিতার রেকর্ড। পরীক্ষা অনুষ্ঠানের আগে বিসিএসসহ পিএসসির নিয়োগ পরীক্ষায় অসদুপায় অবলম্বন, প্রতারণা, জালিয়াতি, দুর্নীতি, অসদাচরণ এবং নির্ধারিত ফি জমা না দেওয়ার কারণে ২৫ জনের প্রার্থিতা বাতিল করা হয়। বিসিএসে অংশ নিতে ঢাকা কেন্দ্রের অধীনে এক লাখ ৫৫ হাজার ২৪৪, রাজশাহী কেন্দ্রে ২১ হাজার ৮৭৩ এবং চট্টগ্রামে ২০ হাজার ৪৬৯ পরীক্ষার্থী আবেদন করেন।